

3 (Sem-4/CBCS) BEN HC 1

2024

BENGALI
(Honours Core)

Paper : BEN-HC-4016

[বাংলা সাহিত্যের ইতিহাস (আধুনিক যুগ)]

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

১। নিম্নলিখিত প্রশ্নগুলির অতি সংক্ষেপে উত্তর দাও : ১×১০=১০

(ক) ফোর্ট উইলিয়ম কলেজ কত খ্রিস্টাব্দে প্রতিষ্ঠিত হয়েছিল ?

(খ) 'গৌড়ীয় ব্যাকরণ' গ্রন্থের রচয়িতা কে ?

(গ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর 'বেতাল পঞ্চবিংশতি' কোন্ গ্রন্থ থেকে অনুবাদ করেছিলেন ?

(ঘ) 'আলালের ঘরের দুলাল' গ্রন্থটির প্রকাশকাল লেখো।

(ঙ) মাইকেল মধুসূদন দত্ত কত খ্রিস্টাব্দে জন্মগ্রহণ করেছিলেন ?

(2)

- (চ) বিহারীলাল চক্রবর্তীকে 'ভোরের পাখি' কে বলেছিলেন ?
- (ছ) 'নীলদর্পণ' নাটকের রচয়িতা কে ?
- (জ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের কোন উপন্যাসটিকে সার্থক ঐতিহাসিক উপন্যাস বলা হয় ?
- (ঝ) রবীন্দ্রনাথ রচিত প্রথম উপন্যাসের নাম লেখো ।
- (ঞ) বলাইচাঁদ মুখোপাধ্যায়ের ছদ্মনাম কী ছিল ?

২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষেপে উত্তর দাও :

২×৫=১০

- (ক) ফোর্ট উইলিয়ম কলেজের ছাত্রদের অধ্যয়নের জন্য যুগ্ম বিদ্যালয় রচিত দুখানি গ্রন্থের নাম লেখো ।
- (খ) 'বঙ্গদর্শন' পত্রিকা কত খ্রিস্টাব্দে, কার সম্পাদনায় প্রথম প্রকাশিত হয়েছিল ?
- (গ) 'দীপ ও ধূপ' কাব্যসংকলন গ্রন্থের কবি কে ? গ্রন্থটি কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়েছিল ?
- (ঘ) দ্বিজেন্দ্রলাল রায়ের রচিত দুখানি ঐতিহাসিক নাটকের নাম লেখো ।
- (ঙ) মানিক বন্দ্যোপাধ্যায়ের আসল নাম কী ছিল ? তাঁর রচিত একখানি উপন্যাসের নাম লেখো ।

(3)

৩। নিম্নলিখিত যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

- (ক) 'সমাচার চন্দ্রিকা' পত্রিকা সম্পর্কে যা জান লেখো ।
- (খ) রামমোহন রায়ের রচনা সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো ।
- (গ) রবীন্দ্রনাথ ঠাকুরের সূচনাপর্বের কাব্যগুলির পরিচয় তুলে ধরো ।
- (ঘ) দ্বিজেন্দ্রলাল রায়ের পৌরাণিক নাটকের বিশেষত্ব সম্পর্কে আলোচনা করো ।
- (ঙ) ছোটগল্পকার তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের সংক্ষিপ্ত পরিচয় দাও ।
- (চ) মানিক বন্দ্যোপাধ্যায়ের সাহিত্যসত্তার সংক্ষিপ্ত পরিচয় তুলে ধরো ।

৪। নিম্নলিখিত যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

১০×৪=৪০

- (ক) বাংলা গদ্যের বিকাশে ফোর্ট উইলিয়ম কলেজের অবদান সংক্ষেপে আলোচনা করো ।
- (খ) 'তত্ত্ববোধিনী' পত্রিকা প্রকাশের ক্ষেত্রে দেবেন্দ্রনাথ ঠাকুরের ভূমিকা নিরূপণ করো ।
- (গ) মাইকেল মধুসূদন দত্তের নাট্যপ্রতিভার পরিচয় দাও ।

- (ঘ) গীতিকবিতা রচনায় বিহারীলাল চক্রবর্তীর প্রতিভার মূল্যায়ন করো।
- (ঙ) রবীন্দ্রনাথ ঠাকুরের রূপক-সাংকেতিক নাটকগুলি সম্পর্কে যা জান লেখো।
- (চ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের ঔপন্যাসিক প্রতিভার মূল্যায়ন করো।
- (ছ) ছোটগল্প রচনায় বলহিঁচাঁদ মুখোপাধ্যায়ের কৃতিত্বের পরিমাপ করো।
- (জ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের তন্ত্র ও দেশাত্মবোধক উপন্যাস সম্পর্কে যথাযথ আলোচনা করো।
